# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৭৮. কেউ সালাম ছাড়াই কারোর ঘরে ঢুকার অনুমতি চাইলে তাকে সালাম ছাড়াই ঘরে ঢুকার অনুমতি দেয়া

জাবির (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ تَأْذَنُوْا لِمَنْ لَمْ يَبْدَأْ بِالسَّلاَمِ

“যে ব্যক্তি সালাম ছাড়াই কারোর ঘরে ঢুকার অনুমতি চাইলো তাকে তোমরা ঢুকার অনুমতি দিবে না”।[1]

আব্দুল্লাহ্ বিন্ ’উমর (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

السَّلاَمُ قَبْلَ السُّؤَالِ ؛ فَمَنْ بَدَأَكُمْ بِالسُّؤَالِ قَبْلَ السَّلاَمِ فَلاَ تُجِيْبُوْهُ

“কাউকে কোন কিছু জিজ্ঞাসা করার আগেই তাকে সালাম দিতে হয়। সুতরাং কেউ তোমাদেরকে সালামের আগেই কোন কিছু জিজ্ঞাসা করলে তার উত্তর দিবে না”।[2]

>

## ফুটনোট

[1] (স’হী’হুল-জা’মি’, হাদীস ৭১৯০)

[2] (ইবনু ’আদি ৩০৩/২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11328

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন